

তারিখ
পৃষ্ঠা



ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ
Dhaka Electric Supply Authority
উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলাকালীন

পরীক্ষাকেন্দ্রগুলোতে নিয়মিত বিদ্যুৎ সরবরাহ
নিশ্চিতকরণে ডেসার গৃহীত ব্যবস্থা সম্পর্কে জ্ঞাতব্য।

সম্মানিত বিদ্যুৎ গ্রাহকদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বর্তমানে উচ্চ মাধ্যমিক পরীক্ষা, চলাকালীন ডেসার আওতাধীন ঢাকা, নারায়ণগঞ্জ, টঙ্গী এবং এর পার্শ্ববর্তী এলাকায় ৫১ টি পরীক্ষা কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হচ্ছে। ফলে পরীক্ষাকেন্দ্র-সংশ্লিষ্ট ফিডারগুলোতে কোন প্রকার লোড-শেডিং করা হচ্ছে না। এতে করে বিভিন্ন বিভাগের আওতাধীন অন্যান্য ফিডারে লোড-শেডিং-এর মাত্রা তুলনামূলকভাবে কিছুটা বাড়াতে হচ্ছে।

পরীক্ষা না থাকলে বা পরীক্ষা সমাপ্ত হলে একরূপ লোড-শেডিং প্রয়োজন হবে না। তবে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের অসুবিধার কথা বিবেচনা করে এ লোড-শেডিং সমন্বয় নূন্যতম পর্যায়ে রাখার নিমিত্তে সকল পর্যায়ে সার্বক্ষণিক মনিটরিং ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষাকালীন সম্মানিত গ্রাহকদের এ সাময়িক অসুবিধার জন্য কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

সচিব
ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ
ডি-৪৮৮১